বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর
বার্ষিক অডিট রিপোর্ট

২০১৬-২০১৭

[প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন
'তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী শীর্ষক প্রকল্প' এর ২০১৫-২০১৬ অর্থ বছরের আর্থিক হিসাব সম্পর্কিত]

বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর

**(প্রথম খণ্ড)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত ।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর
বার্ষিক অডিট রিপোর্ট

# ২০১৬-২০১৭

[প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন
‘তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী শীর্ষক প্রকল্প’ এর ২০১৫-২০১৬ অর্থ বছরের
আর্থিক হিসাব সম্পর্কিত]

## বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর

## (প্রথম খণ্ড)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত ।

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | **মুখবন্ধ** | - |
| ২. | Abbreviations | - |
| ৩. | **প্রথম অধ্যায়** | ১-৫ |
| | ভূমিকা | ২ |
| | অডিট বিষয়ক তথ্য | ৩ |
| | অডিট আপত্তিসমূহের সংক্ষিপ্ত বিবরণ | ৪ |
| | ম্যানেজমেন্ট ইস্যু | ৫ |
| | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | ৫ |
| | অডিটের সুপারিশ | ৫ |
| ৪. | **দ্বিতীয় অধ্যায়** | ৬-১৫ |
| | নিরীক্ষা পর্যবেক্ষণসমূহ | |
| ৫. | অনুচ্ছেদ ভিত্তিক পরিশিষ্টসমূহ | ২য় খ-<br>১ ম অংশ |
| ৬. | অনুচ্ছেদ ভিত্তিক প্রমাণকসমূহ | ২য় খ-<br>২য় অংশ |

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব নিরীক্ষা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর নিয়ন্ত্রণাধীন "তৃতীয় প্রাথমিক  শিক্ষা উন্নয়ন শীর্ষক কর্মসূচী প্রকল্পের" ২০১৫-২০১৬ অর্থবছরের আর্থিক কার্যক্রমের উপর বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর কর্তৃক নমুনায়নমূলক যাচাইয়ের মাধ্যমে নিরীক্ষাপূর্বক এ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুত্বপূর্ণ অনিয়মসমূহ সংশ্লিষ্ট অংশীজনের নজরে আনয়ন করাই এ নিরীক্ষার মূল উদ্দেশ্য।

৩। নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায় ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরণের অনিয়মের পূনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন না করার বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এ প্রতিবেদনে প্রতিফলিত হয়েছে।

৪। এ প্রতিবেদনে অন্তর্ভুক্ত ০৩ টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ অফিস প্রধানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মূখ্য হিসাবদানকারী কর্মকর্তা বরাবর উপস্থাপন করা হয়েছে এবং প্রাপ্তি সাপেক্ষে তাঁদের লিখিত জবাব বিবেচনাপূর্বক এ প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে।

৫। এ নিরীক্ষা সম্পাদন ও প্রতিবেদন প্রণয়নে বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক জারিকৃত Government Auditing Standards অনুসরণ করা হয়েছে।

৬। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এ নিরীক্ষা প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখঃ ০৫ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
২০/০৯/২০২০ খ্রিস্টাব্দ।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ।

# Abbreviation

| | |
|---|---|
| ADB | Asian Development Bank |
| BRTC | Bureau of Research, Testing and Consultation |
| BUET | Bangladesh University of Engineering and Technology |
| BCSIR | Bangladesh Council of Scientific & Industrial Research |
| BSTI | Bangladesh Standards & Testing Institute |
| BoQ | Bill of Quantity |
| C/S | Comparative Statement |
| CCGP | Cabinet Committee on Government Purchase |
| CD/VAT | Customs Duty/Value Added Tax |
| DCA | Development Credit Agreement |
| DG | Director General |
| DPE | Directorate of Primary Education |
| DPP | Development Project Proforma |
| IPC | Interim Payment Certificate |
| IT | Income Tax |
| JBIC | Japan Bank for International Co-operation |
| MB | Measurement Book |
| MoU | Memorandum of Understanding |
| NoA | Notification of Award |
| NCTB | National Curriculum and Text Book Board |
| TAPP | Technical Assistance Project Proposal |
| TEC | Tender Evaluation Committee |
| TOC | Tender Opening Committee. |

# প্রথম অধ্যায়

(অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

# ভূমিকা

বাংলাদেশের সংবিধানের ১৭ অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্র একই পদ্ধতির গণমুখী ও সার্বজনীন শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠার জন্য এবং আইনের দ্বারা নির্ধারিত স্তর পর্যন্ত সকল বালক-বালিকাকে অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষাদানের লক্ষ্যে পূর্বের ধারাবাহিকতায় 'তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি শীর্ষক প্রকল্প' জুলাই ২০১১ সালে গ্রহণ করা হয়। এই প্রকল্পের মূল উদ্দেশ্য হল বাংলাদেশের সকল শিশুকে প্রাক প্রাথমিক হতে শুরু করে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষা দানের জন্য দক্ষ, ব্যাপক ও যথার্থ প্রাথমিক শিক্ষা পদ্ধতি গড়ে তোলা, যা কার্যকরী এবং শিশু বান্ধব হিসেবে প্রতিষ্ঠা করা। উল্লেখ্য যে, এই প্রকল্পের মোট ব্যয় U$D ৮.৩ বিলিয়ন ডলার, যার মধ্যে বৈদেশিক সাহায্য বাবদ U$D ১.০৫৫ বিলিয়ন ডলার, যা প্রকল্পের মোট ব্যয়ের প্রায় ১৩% এবং প্রকল্পের ব্যয় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ০.৫৫% । এ প্রকল্পের মেয়াদ জুলাই ২০১১ খ্রিঃ হতে ডিসেম্বর ২০১৭ খ্রিঃ পর্যন্ত।

# অডিট বিষয়ক তথ্য

**নিরীক্ষা অর্থ বছর :** ২০১৫-২০১৬ খ্রিঃ ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠান :** প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন "তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী শীর্ষক প্রকল্প" ।

**নিরীক্ষার প্রকৃতিঃ** কমপ্লায়েন্স অডিট ।

**নিরীক্ষা কালঃ** ২৯-১১-২০১৬ খ্রিঃ হতে ০৯-০৩-২০১৭ খ্রিঃ পর্যন্ত ।

**নিরীক্ষার উদ্দেশ্য (Audit Purpose) :**

নিরীক্ষায় ২০১৫-১৬ অর্থ বছরের ব্যয়ের ক্ষেত্রে আর্থিক নিয়ম নীতি সার্বিকভাবে প্রতিপালন করা হয়েছে কিনা তা যাচাই করা ।

**নিরীক্ষা পদ্ধতি (Audit Methodology):**

নিরীক্ষায় Test of Control ও Substantive Test দুটোই অনুসরণ করা হয়েছে। Test of Control এর মাধ্যমে Risk Based Audit Approach অনুসরণ করা হয়েছে। নিরীক্ষায় মূলত ISSAI 4200 অনুসরণ করা হয়েছে। সেই সাথে ISSAI 1000-2999 এবং Financial ও Compliance Audit Manual অনুসরণ করা হয়েছে।

**নমুনায়ন (Sampling):**

১. Materiality Level এর আলোকে Sample Size নির্ধারণ করা হয়েছে।
২. কোন কোন ক্ষেত্রে নির্ধারিত Sample Size এর ১০০% অডিটের আওতায় আনা হয়েছে। আবার কোন কোন ক্ষেত্রে Random Sampling Method অনুসরণ করা হয়েছে।

**অডিট রিপোর্ট প্রণয়নে সার্বিক তত্ত্বাবধানঃ**

- মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর ।

# অডিট আপত্তিসমূহের সংক্ষিপ্তর বিবরণ

| আপত্তির অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | এলজিআরডি এবং ডিপিএইচই কর্তৃক প্রফেশনাল ফি বাবদ গৃহীত ১৯,৪৭,০১,০০০.০০ (উনিশ কোটি সাতচল্লিশ লক্ষ এক হাজার) টাকা সরকারি কোষাগারে জমা প্রদান না করা এবং এর মধ্যে থেকে প্রকল্প বহির্ভূত কাজে ৯৬,৩৮,৭১৮.০০ (ছিয়ানব্বই লক্ষ আটত্রিশ হাজার সাতশত আঠারো) টাকা অনিয়মিত ব্যয় । | ১৯,৪৭,০১,০০০.০০ |
| ০২ | বই বিলম্বে সরবরাহ করা সত্ত্বেও বিলম্ব জরিমানা বাবদ সরবরাহকারীর নিকট থেকে আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি । | ৫৪,০৭,৭৫৯.০০ |
| ০৩ | সম্মানী, মনিটরিং এবং তত্ত্বাবধায়নের জন্য ঠিকাদারের নিকট হতে গ্রহণকৃত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি । | ১৮,০৬,২৫০.০০ |
| | **সর্বমোট** | **২০,১৯,১৫,০০৯.০০** |
| | **সর্বমোট (কথায়) : বিশ কোটি উনিশ লক্ষ পনের হাজার নয় টাকা।** | |

**ম্যানেজমেন্ট ইস্যুঃ-**

- ডিপিপি মোতাবেক প্রাপ্ত সম্পদের ব্যবহার সম্পর্কে নিশ্চিত হওয়া ।
- সরকারি সম্পদের অপচয়, ক্ষতি ইত্যাদি নিরূপণ এবং রাজস্ব (আয়কর/ভ্যাট) আদায় ও সরকারি কোষাগারে জমা সম্পর্কে নিশ্চিত হওয়া ।
- আর্থিক অব্যবস্থাপনার বিষয়াদি চিহ্নিতকরণ এবং সরকারি আর্থিক শৃংখলা নিশ্চিতকরণ ।

**অনিয়ম ও ক্ষতিসমূহের কারণঃ**

১। বই বিলম্বে সরবরাহ করা সত্ত্বেও বিলম্ব জরিমানা আরোপ না করা ।

২। সরকারি আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন না করা ।

৩। আর্থিক ক্ষমতা অর্পণ ২০১৫ (উন্নয়ন) বিধি ২৭ পরিপালন না করা ।

৪। বাজেট প্রভিশন ব্যতিরেকে খরচ করা ।

**অডিটের সুপারিশঃ**

১। ঠিকাদারের নিকট হতে আয়কর ও ভ্যাটের অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক ।

২। ঠিকাদারের নিকট হতে জরিমানা আদায় করে নিরীক্ষা অফিসকে অবহিত করা আবশ্যক ।

৩। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা জোরদার করা আবশ্যক ।

৪। অনুমোদিত ডিপিপি এর মধ্যে যাবতীয় ব্যয় সীমাবদ্ধ রাখা আবশ্যক ।

# দ্বিতীয় অধ্যায়
# (নিরীক্ষা পর্যবেক্ষণসমূহ)

,

**অনুচ্ছেদ নং-০১:**

**শিরোনাম**

**এলজিইডি এবং ডিপিএইচই কর্তৃক প্রফেশনাল ফি বাবদ গৃহীত ১৯,৪৭,০১,০০০.০০ (উনিশ কোটি সাতচল্লিশ লক্ষ এক হাজার) টাকা সরকারি কোষাগারে জমা প্রদান না করা এবং এর মধ্যে থেকে প্রকল্প বহির্ভূত কাজে ৯৬,৩৮,৭১৮.০০ (ছিয়ানব্বই লক্ষ আটত্রিশ হাজার সাতশত আঠারো) টাকা অনিয়মিত ব্যয়।**

**বিবরণ (Condition) :**

- ✓ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন “Primary Education Development Programme-III (PEDP-III)” এর আওতাধীন প্রধান প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, ঢাকা এবং প্রধান প্রকৌশলীর দপ্তর, ডিপিএইচই, ঢাকা কার্যালয়ের ২০১৫-১৬ অর্থ বছরের হিসাবের উপর ২৯-১১-২০১৬ খ্রিঃ হতে ০১-১২-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে নিরীক্ষা সম্পাদন করা হয় ।

- ✓ নিরীক্ষাকালে চুক্তিপত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাইয়ান্তে পরিলক্ষিত হয় যে, এলজিইডি এবং ডিপিএইচই কর্তৃপক্ষ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা হতে প্রফেশনাল ফি বাবদ যথাক্রমে ১২,২৪,৫১,০০০.০০ টাকা এবং ৭,২২,৫০,০০০.০০ টাকা অর্থাৎ সর্বমোট ১৯,৪৭,০১,০০০.০০ টাকা গ্রহণ করেছে ।

- ✓ ট্রেজারি রুল-৭ (১) মোতাবেক সরকারি বিভাগ কর্তৃক গ্রহণকৃত সমুদয় অর্থ সরকারি কোষাগারে জমা করার বিধান রয়েছে এবং সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি'র দশম সংসদের ৮১ তম বৈঠকের কার্যবিবরণী'র ১ নং সিদ্ধান্ত মোতাবেক সরকারের মৌল আর্থিক নীতি অনুযায়ী কোন সরকারি বিভাগ এক্ষেত্রে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নিজেদের কাছে কোন টাকা ভবিষ্যতে ধরে রাখবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় ।

- ✓ এছাড়া একইভাবে ডিপিএইচই কর্তৃপক্ষ সার্ভিস চার্জ বাবদ উপরে বর্ণিত অর্থ মন্ত্রণালয়ের আদেশ এবং পিএ কমিটির সিদ্ধান্তের ব্যত্যয় ঘটিয়ে প্রকল্প কর্তৃপক্ষের নিকট হতে ৯৬,৩৮,৭১৮.০০ টাকা গ্রহণ করে। পরবর্তীতে ডিপিএইচই পত্র নং-৪৬.২০৩.২৬০০.৫১৯.০৭.০০১.১৫.৪৫৬৪, তারিখঃ ১৩-১২-২০১৫ খ্রি: স্মারকের আলোকে এবং চেক নং সিবি-১০০৫১১১০০৭, তারিখঃ ২৯-০৬-২০১৬ খ্রি: এবং সিবি ১০০৫১১০০৮, তারিখঃ ১০-০৮-২০১৬ খ্রি: এর মাধ্যমে বিভিন্ন স্থানীয় পর্যায়ে এই অর্থ প্রেরণ করে। প্রকল্প ডিপিপি বহির্ভূত ১৩০ টি ল্যাপটপ, কম্পিউটার, প্রিন্টার, ৭০টি ডুপ্লেক্স লেজার প্রিন্টার এবং ২০টি ফটোকপি মেশিন ক্রয় করা হয় যা অনিয়মিত ব্যয় । উল্লিখিত আইন অনুসরণপূর্বক আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা হয়নি ।

- ✓ উক্ত সময়ে জনাব শ্যামা প্রসাদ অধিকারী, প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা এবং জনাব মোঃ ওয়ালিউল্লাহ, প্রধান প্রকৌশলী, ডিপিএইচই ঢাকার দায়িত্বে নিয়োজিত ছিলেন ।

**অনিয়মের কারণ (Causes):**

- ✓ ট্রেজারি রুলস ৭ (১) মোতাবেক সরকারি বিভাগ কর্তৃক গৃহীত সমুদয় অর্থ সরকারি কোষাগারে জমা করতে হবে ।
- ✓ দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৮১তম বৈঠকের কার্যবিবরণী'র সিদ্ধান্ত মোতাবেক সরকারের মৌল আর্থিক নীতি অনুযায়ী কোন সরকারি বিভাগ এক্ষেত্রে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর নিজেদের কাছে কোন টাকা ভবিষ্যতে ধরে রাখবে না ।

**ফলাফল (Consequence):**

- ✓ সরকারের আর্থিক ক্ষতি। এই অর্থ যথাসময়ে সরকারি কোষাগারে জমা দেয়া হলে সরকারের Non-tax revenue বৃদ্ধি পেত। তাহলে বাজেট ঘাটতি হ্রাস পেত, একই সাথে সরকারের ঋণ গ্রহণ ও সুদ প্রদান বাবদ ব্যয়ও কম হত।

**নিরীক্ষিত অফিসের জবাব:**

- ✓ ডিপিএইচই কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণকৃত অর্থ আলোচ্য আর্থিক বছরে প্রফেশনাল ফি হিসেবে যথাযথভাবে খরচ করা হয়েছে।

- ✓ উপজেলা পর্যায়ে আর্থিক ও বাস্তব অগ্রগতির রির্পোট পাওয়ার লক্ষ্যে Primary Education Property Management Education System (PEPMES) সফট্ওয়্যার তৈরির জন্য আলোচ্য যন্ত্রপাতি The provision of professional fee খাত হতে ক্রয় করা হয়েছিল।

**নিরীক্ষার মন্তব্যঃ**

- ✓ জবাব সন্তোষজনক নয়। কারন উভয় ক্ষেত্রেই সার্ভিস চার্জ বাবদ গৃহীত অর্থ সরকারি খাতে জমার পরিবর্তে ব্যয় করার কোন সুযোগ নেই। ট্রেজারী রুলস ৭ (১) এবং পিএ কমিটির সিদ্ধান্ত মোতাবেক অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমাযোগ্য।

- ✓ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ৩০-০৩-২০১৭ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২২-০৬-২০১৭ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসেবে ০২-০৮-২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র জারি করা হয়। নিরীক্ষা সম্পাদনের ২ বছর অতিক্রান্ত হলেও কোন সন্তোষজনক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ**

- ✓ পিএ কমিটির সিদ্ধান্ত এবং অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা বাস্তবায়ন করার জন্য এলজিইডি এবং ডিপিএইচই কর্তৃপক্ষ সমুদয় অর্থ সরকারি কোষাগারে জমা করে প্রমাণক অডিট অধিদপ্তর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**অনুচ্ছেদ নং-০২:**

**শিরোনাম:**

**বিলম্বে বই সরবরাহ করা সত্ত্বেও বিলম্ব জরিমানা বাবদ ৫৪,০৭,৭৫৯.২৫ (চুয়ান্ন লক্ষ সাত হাজার সাতশত উনষাট টাকা পঁচিশ পয়সা ) টাকা সরবরাহকারীর নিকট থেকে আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি।**

**বিবরণ (Condition) :**

- ✓ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রাণালয়ের অধীন "Primary Education Development Programme-III (PEDP-III)" এর আওতাধীন চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), মতিঝিল, ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরের হিসাবের উপর ০২-০৩-২০১৭ খ্রিঃ হতে ০৯-০৩-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা হয় ।

- ✓ নিরীক্ষাকালীন সময়ে দেখা যায় যে, স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক শিক্ষার পাঠ্যপুস্তক ছাপানো ও সরবরাহের জন্য বিভিন্ন ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদন করা হয় ।

- ✓ সম্পাদিত চুক্তির স্পেশাল কন্ডিশন অব কন্ট্রাক্ট (এসসিসি) ২৭.১ অনুযায়ী বিলম্বে বই সরবরাহের জন্য প্রতি সপ্তাহে ২.৫% হারে তথা প্রতিদিনের জন্য ০.৩৬% হারে বিলম্বে সরবরাহকৃত বই এর মূল্যের উপর বিলম্ব জরিমানা আরোপিত হবে ।

- ✓ সংরক্ষিত নথিপত্র যাচাইকালে দেখা যায় যে, বিভিন্ন ঠিকাদার কর্তৃক নির্ধারিত সময়ে বই সরবরাহ করা হয়নি অথচ ক্রয়কারী কর্তৃপক্ষ কর্তৃক বিলম্ব জরিমানা আরোপ করা হয়নি যা স্পেশাল কন্ডিশন অব কন্ট্রাক্ট (এসসিসি), ক্লজ ২৭.১ এর পরিপন্থী । বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-১ এ দেখানো হয়েছে ।

- ✓ ফলে সরকার ৫৪,০৭,৭৫৯.২৫ টাকা রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে ।

- ✓ উক্ত সময়ে অধ্যাপক জনাব নারায়ন চন্দ্র পাল (০১-০৭-২০১৫ হতে ২৯-১২-২০১৫ খ্রিঃ পর্যন্ত), অধ্যাপক ডা. মিয়া এনামুল হক সিদ্দিক (৩০-১২-২০১৫ হতে ১৭-০৪-২০১৬ খ্রিঃ পর্যন্ত) এবং অধ্যাপক নারায়ন চন্দ্র সাহা (১৭-০৪-২০১৬ হতে ৩০-০৬-২০১৬ খ্রিঃ পর্যন্ত) এনসিটিবি'র চেয়ারম্যান হিসেবে কর্মরত ছিলেন ।

**অনিয়মের কারণ (Causes):**

- ✓ স্পেশাল কন্ডিশন অব কন্ট্রাক্ট (এসসিসি) ২৭.১ অনুযায়ী বিলম্বে বই সরবরাহের জন্য প্রতি সপ্তাহের জন্য ২.৫% হারে তথা প্রতিদিনের জন্য ০.৩৬% হারে সরবরাহকৃত বই এর মূল্যের উপর হিসাব করে জরিমানা আরোপিত হবে । একই সাথে বিলম্ব ফি আদায় না করায় প্রকারান্তরে বিলম্বে বই সরবরাহ করা হচ্ছে ।

**ফলাফল (Consequence):**

- ✓ সরকারের আর্থিক ক্ষতি । এই অর্থ যথাসময়ে আদায় করে জমা দেয়া হলে সরকারের Non-tax revenue বৃদ্ধি পেত । তাহলে বাজেট ঘাটতি হ্রাস পেত একই সাথে সরকারের ঋণ গ্রহণ ও সুদ প্রদান বাবদ ব্যয়ও কম হত । একই সাথে বিলম্ব ফি আদায় না করায় প্রকারান্তরে বিলম্বে বই সরবরাহ উৎসাহিত হচ্ছে ।

**নিরীক্ষিত অফিসের জবাবঃ**

- ✓ প্রাথমিকভাবে জানানো হয় যে, পরবর্তীতে ব্রডশীট জবাব প্রেরণ করা হবে। তবে প্রায় ২ বছর পর ০৭-০২-২০১৯ খ্রিঃ তারিখে NCTB কর্তৃক মন্ত্রণালয়ের মাধ্যমে জবাব প্রেরণ না করে অডিট আপত্তিতে উল্লিখিত ৫৪,০৭,৭৫৯.২৫ টাকা পিপিআর-২০০৮ এর ৩৯(২৭) ধারা ও দরপত্র নির্দেশিকার জিসিসি ক্লজ ২৭.১ অনুযায়ী বিলম্ব জরিমানা বাবদ আদায় করায় আপত্তিটি নিষ্পত্তিযোগ্য।

**নিরীক্ষার মন্তব্যঃ**

- ✓ জবাব স্বীকৃতিমূলক। তবে উল্লেখ্য জবাবে জরিমানার অর্থ আদায়ের কথা বলা হলেও আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমার সমর্থনে কোন প্রমাণক প্রেরণ করা হয়নি।

- ✓ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ৩০-০৩-২০১৭ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২২-০৬-২০১৭ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসেবে ০২-০৮-২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র জারি করা হয়। নিরীক্ষা সম্পাদনের ২ বছর অতিক্রান্ত হলেও কোন সন্তোষজনক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

- ✓ দায় দায়িত্ব নির্ধারণপূর্বক দায়ী ব্যক্তির নিকট হতে আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করার প্রমাণক অডিট অফিসে প্রেরণ করা আবশ্যক। NCTB কর্তৃক যথা সময়ে বিলম্ব ফি আদায় নিশ্চিত করা হলে ভবিষ্যতে নির্ধারিত সময়ে বই সরবরাহ নিশ্চিত হবে।

**অনুচ্ছেদ নং-৩ঃ**

**শিরোনামঃ**

**সম্মানী, মনিটরিং এবং তত্ত্বাবধায়ন বাবদ ঠিকাদারের নিকট হতে গ্রহণকৃত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান না করায় ১৮,০৬,২৫০.০০ (আঠার লক্ষ ছয় হাজার দুইশত পঞ্চাশ) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ (Condition) ঃ**

- ✓ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন "Primary Education Development Programme-III (PEDP-III)" এর আওতাধীন নির্বাহী প্রকৌশলীর দপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চাঁদপুর কার্যালয়ের ২০১৫-২০১৬ সালের হিসাবের উপর ২৩-১২-২০১৬ হতে ২৯-১২-২০১৬ খ্রিঃ পর্যন্ত সময়ে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়।
- ✓ নিরীক্ষাকালে ক্যাশবুক, বিল/ভাউচার, চুক্তিপত্র এবং অন্যান্য নথিপত্র যাচাই করা হয়।
- ✓ নিরীক্ষাকালে দেখা যায় যে, ঠিকাদারগণ কর্তৃক প্রস্তাবিত BOQ এর ক্রমিক নং-৬৭, ৬৮, ৬৯ ও ৭০ অনুযায়ী ওয়াশ ব্লক এর মনিটরিং এবং তত্ত্বাবধান বাবদ ঠিকাদারকে ১৮,০৬,২৫০/- টাকার বিল প্রদান করা হয়।
- ✓ এই ব্যয়ের দ্বারা মূলত দ্বৈত তত্ত্বাবধান নিশ্চিত করা হয়ে থাকে। স্থানীয় কর্তৃপক্ষের নিয়মিত তত্ত্ববধানের পাশাপশি ঠিকাদারগণ তাদের নিজস্ব ব্যবস্থাধীনেও তত্ত্বাবধান নিশ্চিত করবেন। কিন্তু নিরীক্ষাকালে দেখা যায় যে, স্থানীয় কর্তৃপক্ষ এই অর্থ ঠিকাদারদের নিকট থেকে গ্রহণ করেছে নিজেদের তত্ত্বাবধান কাজের সম্মানীর জন্য। কিন্তু স্থানীয় কর্তৃপক্ষ নিজেদের তত্ত্বাবধান কাজের জন্য ঠিকাদারদের নিকট থেকে কোন সম্মানী গ্রহণ করতে পারেন না। কারণ এর জন্য তারা নিয়মিত বেতন ভাতাদি প্রাপ্য হয়ে থাকেন। তাছাড়া ঠিকাদারদের নিজস্ব ব্যবস্থাধীনে তত্ত্বাবধান না থাকায় দ্বৈত তত্ত্বাবধানও নিশ্চিত হয়নি। কাজেই অনিয়মিতভাবে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত এই অর্থ সরকারি প্রাপ্তি হিসেবে বিবেচিত হবে। ট্রেজারি রুলস-৭(১) মোতাবেক উক্ত অর্থ সরকারি কোষাগারে জমা করা প্রয়োজন।
- ✓ উক্ত সময়ে জনাব মাহমুদ কবির চৌধুরী, নির্বাহী প্রকৌশলী হিসেবে দায়িত্বে নিয়োজিত ছিলেন।

**অনিয়মের কারণ (Causes):**

- ✓ ট্রেজারী রুলস ৭ (১) মোতাবেক সরকারি বিভাগ কর্তৃক গৃহিত সমুদয় অর্থ সরকারি কোষাগারে জমা করতে হবে।

**ফলাফল (Consequence):**

- ✓ সরকারের আর্থিক ক্ষতি। এই অর্থ যথাসময়ে জমা দেয়া হলে সরকারের Non-tax revenue বৃদ্ধি পেত। তাহলে বাজেট ঘাটতি হ্রাস পেত ফলে সরকারের ঋণ গ্রহণ ও সুদ প্রদান বাবদ ব্যয়ও কম হত।

**নিরীক্ষিত অফিসের জবাবঃ**

- ✓ উক্ত টাকা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের AE/SAE গণের সরকারি ব্যাংক হিসাবে জমা প্রদান করা হয়।

**নিরীক্ষার মন্তব্যঃ**

- ✓ জবাব স্বীকৃতিমূলক। এক্ষেত্রে মনিটরিং ও তত্ত্বাবধানের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিজস্ব বাজেট রয়েছে। সেহেতু এ কাজের জন্য ঠিকাদারের নিকট হতে প্রাপ্ত অর্থ সরকারি কোষাগারে জমাযোগ্য। কিন্তু সরকারি কোষাগারে উক্ত অর্থ জমা করা হয়নি।
- ✓ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ৩০-০৩-২০১৭ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২২-০৬-২০১৭ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসেবে ০২-০৮-২০১৮ খ্রিঃ তারিখে আধাসরকারি পত্র জারি করা হয়। নিরীক্ষা সম্পাদনের ২ বছর অতিক্রান্ত হলেও কোন সন্তোষজনক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

- ✓ আপত্তিকৃত সমুদয় অর্থ সরকারি কোষাগারে জমা করে অডিট অফিসকে অবহিত করা আবশ্যক। এক্ষেত্রে মন্ত্রণালয় কর্তৃক সুস্পষ্ট নির্দেশনা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ কাঠামো শক্তিশালী করতে হবে যাতে করে যে কোন প্রাপ্তি যথাসময়ে সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত হয়।

তারিখ : ২২ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
০৬/০৯/২০২০ খ্রিস্টাব্দ ।

(খান মোঃ ফেরদাউসুর রহমান)
মহাপরিচালক

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর
বার্ষিক অডিট রিপোর্ট

# ২০১৬-২০১৭

[প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন

'তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী শীর্ষক প্রকল্প' এর ২০১৫-২০১৬ অর্থ বছরের আর্থিক হিসাব সম্পর্কিত]

# বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর

# (দ্বিতীয় খণ্ড)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর
বার্ষিক অডিট রিপোর্ট

# ২০১৬-২০১৭

[প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন
'তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী শীর্ষক প্রকল্প'-এর ২০১৫-২০১৬ অর্থ বছরের
আর্থিক হিসাব সম্পর্কিত]

## বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর

## **(দ্বিতীয় খণ্ড)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত ।

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | অনুচ্ছেদ/বিবরণ | পরিশিষ্ট নং | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১ | অনুচ্ছেদ : ২ | ১ | ১-২ |

অনুচ্ছেদ-০২
পরিশিষ্ট-০১

**Annexure for LD was not imposed or deducted for delayed supply of books.**

| IFB no. Package no. Lot no. NOA No. and name of the contractor | Date of contract sign | Total quantity of books Nos. | Total contract amount Tk. | Due date including 19 days for 50% delivery | For 50% actual date of delivery | Delayed | Value of 50% delivered books as per contractual amount Tk. | Imposable LD (0.36% for each day delay) Tk. | Imposed | Comments |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 |
| NCTB/ICB/04/91, 29.04.15, Package no.1001, Lot no-402, M/S Farazi Press Publication | 20.09.2015 | 1120521 | 18861140.00 | 26.11.2015 | 29.11.16 | 3days | 9430570.00 | 101850.00 | | |
| NCTB/ICB/04/91, 29.04.15, Package no.1013, Lot no-463, M/S Bright Printing Press | 20.09.2015 | 1372807 | 23323684.76 | 26.11.2015 | 2.12.15 | 6days | 11661842.38 | 251895.78 | | |
| NCTB/ICB/04/91, 29.04.15, Package no.1014, Lot no-466, M/S Bright Printing Press | 20.09.2015 | 933481 | 15912794.68 | 26.11.2015 | 2.12.15 | 6days | 7956397.34 | 171858.18 | | |
| NCTB/ICB/04/91, 29.04.15, Package no.1008, Lot no-437, M/S Bright Printing Press. | 20.09.2015 | 795506 | 13682813.56 | 26.11.2015 | 6.12.15 | 10days | 6841406.78 | 246290.64 | | |
| NCTB/ICB/04/91, 29.04.15, Package no.1014, Lot no-470, M/S Bright Printing Press. | 21.09.15 | 986213 | 16823417.61 | 27.11.2015 | 2.12.15 | 6days | 8411708.80 | 181692.91 | | |
| NCTB/ICB/04/91pack-1014 lot no-467 | 21-09-2015 | 1062248 | 8787773.12 | 26-11-2015 | Dt.31-12-2015 Quanty-584313 | 35days | 4393886.56 | 553629.70 | | |
| NCTB/ICB/04/91pack-1014 lot no-468 | 21-09-2015 | 1161571 | 9372080.77 | 26-11-2015 | Dt.23-12-2015 Quanty-624209 | 27days | 4686040.38 | 455483.12 | | |
| NCTB/ICB/04/91pack-1014 lot no-474 | 21-09-2015 | 1281524 | 10783901.73 | 26-11-2015 | Dt-23-12-2015 | 27days | 5391950.86 | 524097.62 | | |
| NCTB/ICB/04/91pack-1014 lot no-481 | 21-09-2015 | 1165489 | 6437859.71 | 26-11-2015 | Dt-23-12-2015 | 27days | 3218929.85 | 312879.98 | | |
| NCTB/ICB/04/91pack-1014 lot no-484 | 21-09-2015 | 1165489 | 6437859.71 | 26-11-2015 | 31-12-15 Qnty -427825 | 35days | 3218929.85 | 405585.16 | | |

| IFB no. Package no. Lot no. NOA No. and name of the contractor | Date of contract sign | Total quantity of books Nos. | Total contract amount Tk. | Due date including 19 days for 50% delivery | For 50% actual date of delivery | Delayed | Value of 50% delivered books as per contractual amount Tk. | Imposable LD (0.36% for each day delay) Tk. | Imposed | Comments |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 |
| | | | | | | | | | | |
| NCTB/ICB/04/91pack-1010 lot no-447 | 21-09-2015 | 1050478 | 5447033.16 | 26-11-2015 | Dt-23-12-2015 Qnty -279941 | 27days | 2723516.58 | 264725.81 | | |
| NCTB/ICB/04/91pack-1010 lot no-449 | 20-09-2015 | 1347759 | 7646113.50 | 27-11-2015 | 21-12-15 Qnty 429800 | 24 days | 3823056.75 | 330312.10 | | |
| NCTB/ICB/04/91pack-1014 lot no-483 | 21-09-15 | 1372284 | 1478833.91 | 26-11-2015 | 29-12-2015 | 33 days | 739416.95 | 87842.73 | | |
| NCTB/ICB/04/91pack-1019 lot no-491 | 20-09-2015 | 1340323 | 3251150 | 27-11-2015 | 07-12-2015 Qnty –101000 | 10 days | 1625575 | 58520 | | |
| NCTB/ICB/04/91pack-1019 lot no-494 | 20-09-2015 | 915898 | 6240725.52 | 27-11-2015 | 02-12-2015 | 5days | 3120362.76 | 56166.52 | | |
| NCTB/ICB/04/91pack-1006 lot no-430 | 20-09-2015 | 847960 | 12378084.51 | 27-11-2015 | 12-11-2015 | 15days | 6189042.25 | 334208.28 | | |
| NCTB/ICB/04/91pack-1006 lot no-420 | 20-09-2015 | 1063532 | 18278136.84 | 27-11-2015 | 12-11-2015 | 15days | 9139068.42 | 493509.69 | | |
| NCTB/ICB/04/91pack-1010 lot no-446 | 21-09-2015 | 1407129 | 3012136.31 | 26-11-2015 | 19-12-2015 | 23days | 1506068.15 | 124702.43 | | |
| NCTB/ICB/04/91pack-1010 lot no-448 | 20-09-2015 | 1059088 | 4070436.66 | 27-11-2015 | 29-12-2015 | 32days | 2035218.33 | 234457.15 | | |
| NCTB/ICB/04/91pack-1010 lot no-445 | 20-09-2015 | 1423203 | 3785615.55 | 27-11-2015 | 29-12-2015 | 32days | 1892807.77 | 218051.45 | | |
| | | | | | | | **Total =** | **54,07,759.25** | | |

তারিখ : ২২ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
০৬/০৯/২০২০ খ্রিস্টাব্দ ।

(খান মোঃ ফেরদাউসুর রহমান)
মহাপরিচালক